# লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

## ২৯৪. বিশ্বজগৎ নিয়ে গভীরভাবে চিন্তা করুন

সৃষ্টির মাঝে যে নিদর্শনাবলি আছে তা দেখুন ও তা নিয়ে চিন্তা-গবেষণা করুন। নদী-নালা, গাছ-পালা, ফুল, পাহাড়, আসমান-জমিন, চন্দ্র-সূর্য ও রাত-দিন এ সব কিছুই আপনাকে সব কিছুর স্রষ্টার কথা মনে করিয়ে দিবে। এভাবে আপনার ধার্মিকতার (দ্বীনদারির) মাত্রাও বৃদ্ধি পাবে।

فَاعْتَبِرُوا يَا أُولِي الْأَبْصَارِ

“অতএব, হে দৃষ্টিশক্তি সম্পন্ন ব্যক্তিরা তোমরা উপদেশ গ্রহণ কর।” (৫৯-সূরা আল হাশরঃ আয়াত-২)

ইসলাম গ্রহণকারী এক দার্শনিক বলেছেন- “সন্দেহ যখন আমাকে ঘিরে রেখেছিল তখন আমি সৃষ্টির পুস্তকে (অর্থাৎ পৃথিবীর দিকে) তাকিয়ে দেখতাম, যার অক্ষরগুলো (নিদের্শনগুলো) আমাকে বিস্ময়কর ও পরম দক্ষতার কথা বলত। তখন আমার ঈমান শুধুমাত্র স্বাভাবিকই হতো না, অধিকন্তু তা বেড়েও যেত।”

Source — https://www.hadithbd.com/books/link/?id=7802

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন